# 131475 - কুফরি শব্দাবলী উচ্চারণের ফলে কী আরোপিত হয়?

প্রশ্ন

আমরা একদল যুবক গতকাল দাবা খেলছিলাম। তারা আমার বাসায় ছিল। একবার এক ভুলের প্রেক্ষিতে এক যুবক বলল: যদি আসমান থেকে আল্লাহ্‌ হাযির হয় এবং এখানে নামে তদুপরি তুমি চালটা দিবে না। যদি স্বয়ং আল্লাহ্‌ আসেন তদুপরি তুমি এ চালটি দিবে না। তখন আমি উঠে গেলাম এবং বললাম: ওহে অমুক! তুমি এ ধরণের কথা বলা হারাম। তখন সে এ কথাটি আরও কয়েকবার বলল। আমি বললাম: যেহেতু তুমি এ কথা বলার ব্যাপারে নাছোড়বান্দা; তাহলে দ্বিতীয়বার তুমি আমার বাসায় আসবে না। সে ঠিক আছে বলে আমার বাসা থেকে বের হয়ে গেল। তখন যুবকেরা আমাকে বলল: তোমার আচরণটি সঠিক হয়নি। লোকটা যেহেতু তোমার বাসায় তাই তোমার উচিত ছিল না তার সাথে এইভাবে আচরণ করা। কিন্তু আমার গাইরত ছিল আল্লাহ্‌র জন্য। প্রশ্ন হলো: আল্লাহ্‌র সাথে তাচ্ছিল্য শুনেও আমি যা করেছি এমনটি না করা কি আমার জন্য জায়েয? কেবল আমি অন্তর দিয়ে ঘৃণা করব; যা ঈমানের দুর্বলতম অধ্যায়। যে ব্যক্তি কুফরি শব্দ উচ্চারণ করেছে এবং এ ক্ষেত্রে সে নাছোড়বান্দা এর হুকুম কী? আমার আচরণের ব্যাপারে আপনাদের অভিমত কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

আপনার বন্ধু যে কথাটি বলেছে সেটি জঘন্য একটি কথা। কোন মুসলিমের পক্ষ থেকে এমন কথা প্রকাশ পাওয়া সঠিক নয়। এমন কথা আল্লাহ্‌র সাথে কুফরি; যেহেতু এতে আল্লাহ্‌কে অপমান করা ও তাচ্ছিল্য করা অন্তর্ভুক্ত। আল্লাহ্‌ তাআলা তাকে এবং এই দুনিয়ার সবকিছু নড়াতে সক্ষম এবং তাকে এবং সব মানুষকে ধ্বংস করতে সক্ষম 'কুন' শব্দের মাধ্যমে। আল্লাহ্‌ তাআলা বলেন: "তাঁর ব্যাপারটি এমন তিনি যখন কোনো কিছুর ইচ্ছা করেন বলেন: 'কুন' (হও); ফলে তা হয়ে যায়।"[সূরা ইয়াসীন, আয়াত: ৮২]

তিনি আরও বলেন: "আর তারা আল্লাহকে যথাযোগ্য মর্যাদা দেয়নি। অথচ কিয়ামতের দিন সমস্ত যমীন তাঁর হাতের মুঠোয় থাকবে এবং আসমানসমূহ তাঁর ডান হাতে ভাঁজ- করা অবস্থায় থাকবে। পবিত্র ও মহান তিনি। তারা তাঁর সাথে যা কিছু শরীক করে তিনি তার ঊর্ধ্বে।"[সূরা যুমার, আয়াত: ৬৭]

তিনি আরও বলেন: "যারা বলে: 'আল্লাহ্‌ তো মারয়িমের পুত্র মাসীহ' তারা অবশ্যই কুফরী করেছে। বলুন: 'তাহলে আল্লাহ যদি

মারয়িমরে পুত্র মসীহ ও তাঁর মাকে এবং পৃথবিীতে যারা আছে তাদরে সকলকে ধ্বংস করতে চান তাহলে কে আছে যে আল্লাহ্র ইচ্ছার বরিুদ্ধে কছিু করার ক্ষমতা রাখে? আসমান-জমনি ও তার মধ্যবর্তী সবকছিুর কর্তৃত্ব আল্লাহ্রই। তনি যা চান সৃষ্টি করনে। আল্লাহ সবকছিু করতে সক্ষম।'[সূরা মায়দিা, আয়াত: ১৭]

তনি আরও বলনে: 'আর আপনি তাদরেকে প্রশ্ন করলে তারা বলব: 'আমরা তো আলাপ-আলোচনা ও খলে-তামাশা করছলাম'। বলুন: 'তোমেরা কি আল্লাহ্ ও তাঁর আয়াতসমূহ ও তাঁর রাসূলকে নয়িে ঠাট্টা-বদ্রিূপ করছলিে?'[সূরা তাওবা, আয়াত: ৬৫-৬৬]

দুই:

এ কথা উচ্চারণকারীর উপর আল্লাহ্র কাছে তাওবা করা ও ঈমান নবায়ন করা আবশ্যক। তাকে দুই সাক্ষ্যবাণী উচ্চারণ করতে হবে এবং আল্লাহ্র মহত্ব, মর্যাদা ও গৌরবরে স্বীকৃতি দতিে হবে। যদি সে ব্যক্তি নাছোড়বান্দা হয়ে এই কথা বলে যায় এবং তাওবা না করে তাহলে সে কাফরে, ইসলাম ত্যাগকারী মুরতাদ।

তনি:

আমরা মনে করি না যে, আপনি আপনার আচরণে কোনে ভুল করছেনে। কারণ মুনকাররে বরিুদ্ধে প্রতবিাদ করা ওয়াজবি। আর সবচয়েে জঘন্য মুনকার হচ্ছে: আল্লাহ্কে গালি দয়ো এবং তাঁর সাথে তাচ্ছল্যি করা। সুতরাং যে ব্যক্তি এ ধরণরে কথা শুনছেে এবং সে এর প্রতবিাদ করতে সক্ষম; তার জন্য চুপ থাকা জায়যে নয়। বরং তার উপর ওয়াজবি তার সাধ্যানুযায়ী হাত দয়িে বা মুখ দয়িে এর বরিুদ্ধে প্রতবিাদ করা। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্তর দয়িে প্রতবিাদ করা কবেল ঐ ব্যক্তরি জন্য জায়যে করছেনে যে ব্যক্তি হাত কংিবা মুখ দয়িে প্রতবিাদ করতে অক্ষম। যমেনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণীতে এসছেে: "তোমোদরে মধ্যে যে কউে কোনে মুনকার দখেে তার উচতি এটাকে হাত দয়িে পরবির্তন করে। যদি তা না পারে তাহলে মুখ দয়িে পরবির্তন করা। আর যদি সটোও না পারে তাহলে অন্তর দয়িে। এটি ঈমানরে দুর্বলতম অবস্থা।[সহহি মুসলমি (৪৯)]

আপনার বন্ধুদরে উচতি ছলি এই বাতলি কথা ও স্পষ্ট কুফরীর প্রতবিাদ করা। কন্িতু অন্তরে আল্লাহ্র মহত্বরে কমতরি কারণে আল্লাহ্কে গালি দয়ো ও আল্লাহ্র সাথে কুফরী করা তাদরে কাছে মামুলি মনে হয়ছেে।

হ্যাঁ, হতে পারে আপনি তাকে বাসা থকেে তাড়য়িে না দয়োটা হয়তো উত্তম ছলি; যাতে করে আপনি নজিকেে তার সাথে উত্তম উপায়ে বতির্ক করার সুযোগ দতিে পারতনে এবং তাকে তাওবা করা, অনুতপ্তত হওয়া ও ইস্তগিফাররে দকিে আহ্বান জানাতে পারতনে।

কন্িতু আপনার বন্ধু যে অপরাধ করছেে সটোর সম্মুখে এই ভুল কছিুই না। কভিাবে আপনার বন্ধুরা ছোটে ভুলরে প্রতবিাদ করতে পারে; আর বড় অন্যায়রে ব্যাপারে চুপ থাকতে পারে?

চার:

দাবা খলো যদি নামায বা অন্য কোন ওয়াজবি আমল থকেে বরিত রাখে কংিবা মথি্যা বলা, গালি-গালাজ করা ইত্যাদি অন্য কোন হারাম এতে অন্তর্ভুক্ত থাকে তাহলে আলমেদেরে সর্বসম্মতক্রিমে এটি হারাম।

আর যদি এটি কোন ওয়াজবি থকেে ব্যক্তকিে বরিত রাখে না এবং এর সাথে অন্য কোন হারাম সংঘটতি হয় না; সক্ষেত্রেে এর হুকুম নয়িে মতভদে রয়ছে।ে হানাফি, মালকেি ও হাম্বলি এবং কছিু শাফয়েি আলমে তথা জমহুর ফুকাহার দৃষ্টতিে এটি হারাম। সাহাবায়ে করোম এই ফতোয়াই দতিনে। বস্তিারতি 14095 নং ফতোয়াতে দখেুন। আরও লক্ষ্য করুন: কভিাবে দাবা খলো ব্যক্তকিে কুফররে দকিে টনেে নয়িে গছে।ে আল্লাহর কাছইে আমাদরে আশ্রয়।

আপনাদরে উপর আবশ্যক হলো: এই খলো ছড়েে দয়ো। আল্লাহ্র কাছে তাওবা করা। আমরা আল্লাহ্র কাছে আমাদরে জন্য ও আপনাদরে জন্য তাওফকিরে প্রার্থনা করছি।

আল্লাহই সর্বজ্ঞ।